



তড়িৎ প্রকৌশলী হবেন লায়লা

॥ স্টাফ রিপোর্টার ॥
বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে প্রথম
এবং সম্মিলিত মেধা তালিকায় পঞ্চম
লায়লা খালেদুন নাহার প্রচলিত শিক্ষা
ব্যবস্থায় সন্তুষ্ট নয়। লায়লার মতে
এতে ছাত্রদের মেধার যথাযথ মূল্যায়ন
হয় না।
লায়লা প্রতিদিন ৮ থেকে ৯ ঘণ্টা
পড়াশোনা করেছেন।
লায়লা ভবিষ্যতে তড়িৎ প্রকৌশলী
হবেন। গল্পের বই পড়া তার একমাত্র
শখ। লায়লার বাবা জনাব এ.বি.এম,
খালেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব
বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও জর্জফুল
ইক হলের প্রভোস্ট। মা মিসেস
সাহার বানু প্রকৌশল বিশ্ববিদ্যালয়
স্কুলের শিক্ষিকা।



কামরুল বাশার কম্পিউটার সায়েন্স পড়বেন

॥ ব্যুরো অফিস থেকে ॥
চট্টগ্রাম, ১৭ অক্টোবর।— কুমিল্লা
বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায়
সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান
অধিকারী ফৌজদারহাট ক্যাডেট
কলেজের ওমর ফারুক মোহাম্মদ
কামরুল বাশার চৌধুরী ভবিষ্যতে
কম্পিউটার সায়েন্সে লেখাপড়া করার
ইচ্ছা ব্যক্ত করেছেন।
এসএসসি পরীক্ষায় ৮৪৫ নম্বর পেয়ে
ফারুক সম্মিলিত মেধা তালিকায়
প্রথম স্থান অধিকার করেছিলেন।
ফারুকও বর্তমান শিক্ষা ব্যবস্থার
আমূল পরিবর্তনের প্রয়োজনীয়তার
কথা বলেছেন।



সায়েফ চিকিৎসক হবেন

॥ ব্যুরো অফিস থেকে ॥
চট্টগ্রাম, ১৭ অক্টোবর।— কুমিল্লা
বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায়
সম্মিলিত মেধা তালিকায় মোট ৯০৭
নম্বর পেয়ে প্রথম স্থান অধিকারী
মোহাম্মদ সায়েফ উল্লাহ ভবিষ্যতে
একজন চিকিৎসক হওয়ার ইচ্ছা ব্যক্ত
করেছেন। সায়েফ উল্লাহ তার
কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য
শিক্ষকদের অবদান সবচেয়ে বেশী
বলে উল্লেখ করেন।
সায়ফুল শিক্ষাঙ্গনের কলুষিত পরিবেশ
ও শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন
প্রয়োজন বলে অভিমত ব্যক্ত
করেছেন।



স্বপন কুমার শিক্ষক হতে চান

॥ স্টাফ রিপোর্টার ॥
স্বপন কুমার বর্মণ ভবিষ্যতে
শিক্ষকতাকে পেশা হিসেবে গ্রহণ
করার ইচ্ছা রাখেন।
স্বপন এ বছর অনুষ্ঠিত এইচ, এস, সি
পরীক্ষায় ৮৯০ নম্বর পেয়ে ঢাকা
বোর্ডে মানবিক বিভাগে প্রথম স্থান
অধিকার করেছেন।
দু'বছর আগে ঢাকা পগোজ স্কুল
থেকে নিয়মিত ৭/৮ ঘণ্টা পড়াশোনা
করতেন। পড়াশোনার ব্যাপারে
উৎসাহ যোগাতেন বাবা সুধির চন্দ্র
বর্মণ এবং মা পারুল বালা বর্মণ।
অর্থনীতিতে অনার্স পড়তে আগ্রহী।
স্বপন জানান, আমি সমাজতান্ত্রিক
অর্থনীতিতে বিশ্বাসী। মনে করি,
ছাত্রদের রাজনীতি সচেতন হওয়া
উচিত।

TEACHER'S / TEACHER'S NAME
INDEX